# প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা-২০১৩

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট | বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা | পূর্ণমান-১০০

১. **মুহম্মদ (স.) ছিলেন সবচেয়ে গুরুত্বপূর্ণ নবি, কারণ একমাত্র তিনিই–**
ক. আল্লাহর সবচেয়ে গুরুত্বপূর্ণ কিছু জীবনবিধান পেয়েছেন
খ. জীবনবিধানসমূহ লিপিবন্ধ করেছেন
গ. কর্মের মাধ্যমে জীবনবিধানসমূহ ব্যাখ্যা করেছেন
ঘ. পরিপূর্ণ, সর্বশেষ এবং পূর্ণাঙ্গ জীবনবিধান পেয়েছেন

২. **আমরা জানি আল্লাহ্ এ পৃথিবীর মালিক কারণ তিনি–**
ক. খাদ্য ও বস্ত্র নিশ্চিত করেন খ. শয়তানের শাস্তি নিশ্চিত করেন
গ. বিশ্বাসীদের নিরাপত্তা দেন ও পরিচালনা করেন
ঘ. সকল সৃষ্টির প্রতিপালন করেন

৩. **মুমিন মুসলমানের প্রধান বৈশিষ্ট্য হলো–**
ক. ধৈর্য খ. বিশ্বাস গ. সৌভাগ্য ঘ. ভালোবাসা

৪. **কবরে জাহান্নামীদের কঠিন শাস্তি দেওয়া হবে। কীভাবে চললে আমরা কবরের আজাব থেকে রক্ষা পাব?**
ক. নিজের খেয়াল খুশিমতো চললে খ. নবির নির্দেশ মেনে চললে
গ. প্রতিবেশীর নির্দেশ মেনে চললে ঘ. নেতার নির্দেশ মেনে চললে

৫. **প্রকৃত দীন বলতে বুঝায়–**
ক. আল্লাহর দেওয়া জীবন ব্যবস্থা খ. সুন্দর চরিত্র
গ. ধর্মের বিভিন্ন আনুষ্ঠানিকতা ঘ. জায়েয নাজায়েযের শিক্ষা

৬. **আমলনামা সম্পর্কে প্রকৃত ধারণাটি কী?**
ক. মানুষের সারাজীবনের কৃতকর্মের হিসাব
খ. আচার-আচরণের সমষ্টি
গ. ভালো কাজের হিসাব ঘ. মন্দ কাজের হিসাব

৭. **যা আমরা দেখতে পাই, সেগুলো আল্লাহ্ সৃষ্টি করেছেন। যেগুলো দেখতে পাই না সেগুলো কে সৃষ্টি করেছেন?**
ক. কেউ তা জানে না খ. ভিন্ন গ্রহের প্রাণিরা
গ. মহান আল্লাহই ঘ. দেখা যায় না এমন সৃষ্টি নেই

http://teachingbd.com

৮. তুমি একটি ভয়ানক পাপের কাজ করেছ। তুমি এখন কী করবে?
ক. নিজেকে শাস্তি দেবে খ. গরিবকে দান-সদ্কাহ করবে
গ. ঘর-সংসার ছেড়ে চলে যাবে
ঘ. আল্লাহর কাছে অনুতপ্ত হয়ে ক্ষমা চাইবে

৯. তোমার ছোট ভাই তোমার সঙ্গে একটি মন্দ আচরণ করছে। তুমি কী করবে?
ক. সাথে সাথে শাস্তি দেব খ. ঘর থেকে বের করে দেব
গ. তার প্রতি সহনশীল হব ঘ. কখনোই কিছুই বলব না

১০. তুমি তোমার বন্ধুকে মনে মনেও মন্দ গালি দেবে না কারণ—
ক. তোমার বন্ধু টের পেয়ে যাবে খ. তোমার মুখ দেখে সব বুঝে ফেলবে
গ. আল্লাহ তায়ালার কাছে তা গোপন থাকবে না
ঘ. তাতে বন্ধুর কিছু হবে না

১১. শিক্ষক ধরতে না পারলেও তুমি পরীক্ষার হলে নকল করবে না, কারণ—
ক. এতে বেশি নম্বর পাওয়া যায় না
খ. মহান আল্লাহকে ফাঁকি দেওয়া যায় না
গ. ফাঁকি দিয়ে বড় হওয়া যায় না
ঘ. শিক্ষককে ঠকালে অভিশাপ পাওয়া যায়

১২. সকলে একসাথে সালাত আদায় করার ফলে সমাজে গড়ে উঠবে—
ক. শত্রুতা খ. একতা গ. অনৈক্য ঘ. শৃঙ্খলা

১৩. তোমার বন্ধুর পায়ে প্রচণ্ড ব্যাথা এবং দাঁড়াতে পারছে না। যখন নামাজ আদায় করবে তখন সে কী করবে?
ক. নামাজ পড়বে না খ. দাঁড়ানোর অংশটি উপেক্ষা করবে
গ. বসেই রুকু করবে ঘ. পা ভাল হওয়া পর্যন্ত অপেক্ষা করবে

১৪. হযরত ইসমাইল (আ.) বাবার কথায় কুরবানি হতে রাজি হয়েছিলেন, কারণ—
ক. তিনি ছিলেন অত্যন্ত সাহসী খ. তার বাবাকে সম্মানিত করার জন্য
গ. তিনি জানতেন তাকে কুরবানি দেয়া হবে না
ঘ. তিনি ছিলেন আল্লাহর প্রতি একান্ত অনুগত

১৫. আমরা ঈদুল আযহার সময় পশু কুরবানি করি—
ক. ঈদের সময় ভাল খাবারের জন্য
খ. আমাদের পরিবারের সাথে মাংস ভাগাভাগি করার জন্য
গ. মক্কায় হজ পালনের জন্য ঘ. ইব্রাহিম (আ.) এর আনুগত্য স্মরণ করার জন্য

১৬. বাসিরুন শব্দের অর্থ কী?
ক. সর্বশ্রোতা খ. সহনশীল গ. সর্বশক্তিমান ঘ. সর্বদ্রষ্টা

১৭. কবরে মৃত ব্যক্তিকে কয়টি প্রশ্ন করা হবে?
ক. ৪টি খ. ২টি গ. ৩টি ঘ. ৫টি

১৮. খালিক শব্দের অর্থ কী?
ক. পালনকর্তা খ. সৃষ্টিকর্তা গ. রিজিকদাতা ঘ. দয়ালু

১৯. আমাদের পালনকর্তা কে?
ক. আব্বা-আম্মা খ. আল্লাহতায়ালা গ. ডাক্তার ঘ. পীরমুর্শিদ

২০. সামিউন শব্দের অর্থ কী?
ক. সব শোনেন খ. সব জানেন গ. সব দেখেন ঘ. অতি সহনশীল

২১. হজ-এর ফরজ কয়টি?
ক. তিনটি খ. চারটি গ. পাঁচটি ঘ. সাতটি

২২. দীন ইসলামের সেতু কী?
ক. সালাত খ. সাওম গ. হজ ঘ. জাকাত

২৩. পাঁচ ওয়াক্ত সালাতে কত রাকাত ফরজ?
ক. পাঁচ রাকাত খ. দশ রাকাত গ. পনের রাকাত ঘ. সতের রাকাত

২৪. সালাতের আরকান কয়টি?
ক. সাতটি খ. পাঁচটি গ. তিনটি ঘ. তেরটি

২৫. কাবা শরীফ কোথায় অবস্থিত?
ক. মক্কায় খ. মদিনায় গ. জেরুজালেমে ঘ. ফিলিস্তিনে

২৬. সকল রাসুলের প্রতি বিশ্বাস করা মুসলিমদের কী?
ক. ইচ্ছাধীন খ. ইমানের অঙ্গ গ. সৌজন্য ঘ. সুন্দর আচরণ

২৭. আল্লাহর কাছে কুরবানির কী পৌছায়?
ক. গোশত খ. রক্ত গ. তাকওয়া ঘ. চামড়া

২৮. ইবাদত শব্দের অর্থ কী?
ক. প্রার্থনা খ. আনুগত্য গ. দান করা ঘ. সিয়াম সাধনা

২৯. ইসলাম কয়টি রুকন-এর উপর প্রতিষ্ঠিত?
ক. তিনটি খ. চারটি গ. পাঁচটি ঘ. সাতটি

৩০. ইসলামের দ্বিতীয় খলিফা ছিলেন—
ক. হযরত ওমর (রা) খ. হযরত আবু বকর (রা)
গ. হযরত উসমান (রা) ঘ. হযরত আলী (রা)

৩১. হযরত বায়েজিদ বোস্তামী (রহ.) কোথাকার অধিবাসী ছিলেন?
ক. ইরাক খ. ইরান গ. মিশর ঘ. লিবিয়া

৩২. সততা মানে কী?
ক. ধৈর্যধারণ খ. সরলতা গ. সাধুতা ঘ. বিরোধিতা

৩৩. আখলাক অর্থ কী?
ক. আচরণ খ. সদাচার গ. সুন্দর ঘ. উত্তম

৩৪. মহানবি (স.) কোথায় হিজরত করেছিলেন?
ক. কুফায় খ. তায়েফে গ. মদিনায় ঘ. মিশরে

৩৫. কোনটি প্রাকৃতিক দুর্যোগ নয়?
ক. বন্যা খ. ভূমিকম্প গ. অগ্নিকাণ্ড ঘ. ঘূর্ণিঝড়

৩৬. হযরত ইবরাহীম (আ.) এর পিতার নাম কী?
ক. আযম খ. হাতেম গ. আজর ঘ. আমর

৩৭. আল্লাহ তায়ালা হযরত ঈসা (আ.) এর ওপর কোন কিতাব নাজেল করেন?
ক. কুরআন খ. তাওরাত গ. ইনজিল ঘ. যাবুর

৩৮. কুরআন মজিদের ভাষা—
ক. ফার্সি খ. উর্দু গ. আরবি ঘ. ইংরেজি

৩৯. হযরত দাউদ (আ.) কোন বংশে জন্মগ্রহণ করেন?
ক. বানু ইসরাইল খ. বানু তামীম গ. বানু পায়েস ঘ. বানু গালিব

৪০. মহানবি (স.) কত খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন?
ক. ৫২২ খ্রি. খ. ৫৭০ খ্রি. গ. ৬১০ খ্রি. ঘ. ৬২২ খ্রি.

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | ঘ | ৩ | খ | ৪ | খ | ৫ | ক | ৬ | ক | ৭ | গ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | গ |
| ১১ | ঘ | ১২ | খ | ১৩ | গ | ১৪ | ঘ | ১৫ | ঘ | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | খ | ২০ | ক |
| ২১ | ক | ২২ | ঘ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | ক |
| ৩১ | খ | ৩২ | গ | ৩৩ | খ | ৩৪ | গ | ৩৫ | গ | ৩৬ | গ | ৩৭ | গ | ৩৮ | গ | ৩৯ | ক | ৪০ | খ |

**প্রশ্ন-২। শূন্যস্থানের প্রযোজ্য শব্দ বা শব্দসমূহ উত্তরপত্রে লেখ : ১×১০=১০**
ক. আমরা একমাত্র আল্লাহতায়ালার ——— করব।
খ. আনুগত্যের জন্য ——— প্রয়োজন।
গ. সালাত ——— চাবি।
ঘ. জীবনে ——— হজ করা ফরজ।
ঙ. ——— ইমানের অঙ্গ।
চ. গুরুত্বের দিক দিয়ে ফরজের পরেই ——— স্থান।
ছ. মায়ের ——— নিচে সন্তানের জান্নাত।
জ. সততা মানুষকে ——— দেয়।
ঝ. আল্লাহর কোনো ——— নেই।
ঞ. বিরামচিহ্নকে ——— বলে।

উত্তর : (ক) ইবাদত (খ) ইমানের (গ) জান্নাতের (ঘ) একবার (ঙ) পবিত্রতা (চ) ওয়াজিবের (ছ) পায়ের (জ) মুক্তি (ঝ) শরিক (ঞ) ওয়াকফ।

**প্রশ্ন-৩। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লিখ : ১ × ১০ = ১০**
ক. আমাদের দীনের নাম কী?
খ. সালাতের নিষিদ্ধ সময়গুলো কী কী?
গ. সালাতের আহকাম বলতে কী বঝ?
ঘ. কুরবানি কাকে বলে?
ঙ. মাখরাজ কাকে বলে?
চ. ক্ষমাশীল ব্যক্তি কে?
ছ. মন্দ কাজ কাকে বলে?
জ. কণ্ঠনালির হরফ কয়টি?
ঝ. মুহাজির কাদের বলে?
ঞ. কোনো কাজ শুরু করার আগে কী বলতে হয়?

**প্রশ্ন-৪। ক ও খ নং প্রশ্নসহ যে কোনো আটটি প্রশ্নের উত্তর লিখ : ৫×৮=৪০**
ক. সঠিকভাবে যাকাত দিলে কী সুফল পাওয়া যাবে?
**উত্তর :** ১. সম্পদ পবিত্র ও বৃদ্ধি পাবে ২. সামাজিক শান্তি আসবে ৩. ত্যাগের মনোভাব সৃষ্টি হয় ৪. আল্লাহর সন্তুষ্টি অর্জন ৫. সমাজের সেবা করা হয় ৬. দুনিয়া ও আখিরাতে শান্তি পাওয়া যায়
**খ.** আমরা কেন আমাদের দেশকে ভালবাসব? পাঁচটি বাক্যে লিখ।
**উত্তর :** ১. দেশের মানুষ একে অন্যকে ভালোবাসে বলে ২. দেশের সকলে একে অন্যের সাথে ভালো ব্যবহার করে ৩. এদেশে জন্মেছি বলে ৪. এদেশের নাগরিক বলে ৫. কেউ বিপদে পড়লে সকলে সাহায্য করে বলে ৬. এদেশে গৃহপালিত পশুপাখি আমাদের উপকার করে বলে ৭. অনেক রকমের বৃক্ষ, ফলমূলের গাছ আমাদের উপকার করে বলে
গ. সালাতের পাঁচটি ওয়াজিব লিখ।
ঘ. জাকাতের মাসারিফ কয়টি? যে কোনো চারটির নাম লিখ।
ঙ. আমরা কোন কোন মন্দ আচরণ থেকে দূরে থাকব?
চ. কুরআন মজিদে উল্লিখিত পাঁচজন নবির নাম লিখ।
ছ. মদিনার সনদ কী? মদিনা সনদের যে কোন দুইটি ধারা উল্লেখ কর।
জ. কুরআন মজিদ কার বাণী? কুরআন মজিদ তেলাওয়াতের উদ্দেশ্যগুলো লিখ।
ঝ. নবি-রাসূলগণের মূল শিক্ষার যে কোনো পাঁচটি লিখ।
ঞ. সূরা ফীল এর অর্থ লিখ।

Teachingbd.com